



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

পোস্ট কোড: বগুড়া-৫৮০০, বাংলাদেশ।

কলেজ কোড: জা.বি.-২৭০১, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-৪৪২৫, EIIN-119246, বাউবি-৮৬১

www.ahcollege.gov.bd, E-mail: ahcollege@gmail.com

ফোন: অধ্যক্ষ অফিস-০২৫৮৮৮১৩৫৮৫, উপাধ্যক্ষ অফিস-০৫১৬১৭৯২ ও উচ্চমাধ্যমিক ভবন অফিস-০২৫৮৯৯০২০৭৯



২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন
বিজ্ঞপ্তি

তারিখ : ১০ অগ্রহায়ণ ১৪৩১
২৫ নভেম্বর ২০২৪

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া'য় ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিচ্ছুক শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, আগামী ২৫/১১/২০২৪ খ্রি. তারিখ হতে ১১/১২/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট- www.nu.ac.bd/admissions থেকে যথাযথ নিয়মে আবেদন ফরম ডাউনলোড করতে হবে। অতঃপর কলেজ ওয়েবসাইটে (ahcollege.gov.bd) প্রবেশ করে PAYMENT অপশনে ক্লিক করতে হবে। তারপর ADMISSION & FORMFILLUP এ ক্লিক করে Preliminary Post Graduate (Private) নির্বাচন করে APPLY NOW এ ক্লিক করতে হবে। সেখানে আবেদন ফরমে প্রাপ্ত রোলের অনুকূলে পেমেন্ট গেটওয়ের মাধ্যমে যেকোন মোবাইল ব্যাংকিং অনলাইন ব্যাংকিং ও ব্যাংক কার্ড ব্যবহার করে ১৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র ভর্তি ফি জমা দিতে হবে। তারপর উক্ত ফরমটি ডাউনলোড করে স্ব স্ব বিভাগে জমা পূর্বক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ভর্তির তারিখ : ২৬/১১/২০২৪ হতে ১২/১২/২০২৪ খ্রি. পর্যন্ত


ভর্তি ফরম জমার সময়: প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বেলা ০৩:০০টা পর্যন্ত স্ব স্ব বিভাগে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত)

আবেদনের যোগ্যতা

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।
- আবেদনকারীকে স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে শর্তপূরণ সাপেক্ষে (অনুচ্ছেদ-১ এর গ এ বর্ণিত) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।
- প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।
- আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।
- বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

- জাতীয় বিশ্ববিদ্যালয়ে আবেদন ফরমের মূলকপি এবং কলেজ ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত ফরমের মূলকপি।
- স্নাতক (পাস)/সম্মান পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি।
- শিক্ষার্থীর নিজের, পিতা-মাতা/অভিভাবকের (পিতা-মাতার অবর্তমানে) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গীকার নামা।
- পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ১,৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ) টাকা পেমেন্টের স্লিপ।


২৫/১১/২০২৪
প্রফেসর মো: শওকত আলম মীর (৫৬৯০)

অধ্যক্ষ
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

প্রফেসর মো: শওকত আলম মীর (৫৬৯০)

অধ্যক্ষ
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।